ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৮৬৯
আগরতলা, ১৮ নভেম্বর, ২০২৫

**তপশিলিজাতি ভুক্ত অংশের মানুষের উন্নয়ন যাতে কোনভাবেই ব্যাহত না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে ঃ তপশিলিজাতি কল্যাণ মন্ত্রী**

রাজ্যের তপশিলিজাতি ভুক্ত অংশের মানুষের কল্যাণে রাজ্যের বর্তমান সরকার কাজ করে চলেছে। শুধু রাজ্যের বিভিন্ন প্রকল্প নয় কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলিও কাজে লাগিয়ে তপশিলিজাতি অংশের মানুষের জীবনযাত্রার মান উন্নয়নে উদ্যোগ নেওয়া হয়েছে। আজ জনজাতি কল্যাণ দপ্তরের কনফারেন্স হলে তপশিলিজাতি কল্যাণ দপ্তরের রাজ্যভিত্তিক পর্যালোচনা সভায় তপশিলিজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস একথা বলেন। তিনি বলেন, এই অংশের মানুষের উন্নয়ন যাতে কোনভাবেই ব্যাহত না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। চলতি অর্থবছরের বরাদ্দকৃত অর্থ যাতে সঠিক সময়ের মধ্যে যথাযথভাবে ব্যবহৃত হয় সেদিকে দপ্তরের আধিকারিকদের নজর রাখতে হবে। তপশিলিজাতি অংশের ছাত্রছাত্রীদের স্টাইপেন্ড প্রদান নিয়ে বৈঠকে আলোচনা হয়। প্রতি বছরের বরাদ্দকৃত স্টাইপেন্ড যাতে যথা সময়ে ছাত্রছাত্রীদের কাছে পৌঁছে যায় সেবিষয়ে বিশেষভাবে নজর দিতে তপশিলিজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী দপ্তরের আধিকারিকদের প্রতি নির্দেশ দিয়েছেন।

বৈঠকে জানানো হয় গত ২-৩ বছর ধরে তপশিলিজাতিভুক্ত অংশের ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষা অর্জনের জন্য ৩১টি বিষয়ের উপর তপশিলিজাতি কল্যাণ দপ্তর এককালীন অর্থ ছাত্রছাত্রীদের প্রদান করছে। বৈঠকে তপশিলিজাতি কল্যাণ দপ্তরের সচিব, অধিকর্তা এবং বিভিন্ন পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

******